

নথি নং ০৫.০২.০০০০.০২৯.০০.০১২.১৫-১৪১

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

আগামী ১৭ জুলাই ২০১৬ তারিখ হতে বি.সি.এস. প্রশাসন একাডেমিতে ৫ (পাঁচ) মাস মেয়াদি ৯৮ ও ৯৯তম আইন ও প্রশাসন কোর্স এবং ৬ (ছয়) মাস মেয়াদি এ৬২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরু হতে যাচ্ছে। কোর্স চলাকালীন প্রশিক্ষণার্থীদের সকালের পিটি ও বিকালের খেলাধুলা কার্যক্রম পরিচালনার জন্য প্রতি কোর্সে দুজন করে (একজন মহিলা ও একজন পুরুষ) শরীরচর্চা প্রশিক্ষক প্রয়োজন।


আগ্রহী প্রার্থীর যোগ্যতা:

শরীরচর্চা ও খেলাধুলায় পারদর্শী, অভিজ্ঞ এবং এ সংক্রান্তে শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন।

প্রশিক্ষক নিয়োগের শর্তাবলী নিম্নরূপ:

- (ক) এ নিয়োগ কোর্সের মেয়াদকালের জন্য দৈনিক ভাতার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী এবং কর্তৃপক্ষ যে কোন মুহূর্তে কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
- (খ) প্রতি কর্মদিবসে সকাল-বিকাল দুই সেশনের জন্য সম্মানী হিসেবে (৮০০/-+৮০০/-) = ১,৬০০ (এক হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন, তবে কোন কর্মদিবসে/কোন সেশনে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন/সেশনগুলোতে কোন সম্মানী প্রাপ্য হবে না;
- (গ) সাপ্তাহিক ছুটি, সরকারি ছুটি, মাঠ-সংযুক্তি, শিক্ষা সফর এবং কোর্স কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে দিনসমূহে শরীরচর্চা/খেলাধুলা অনুষ্ঠিত হবে না সে দিনসমূহের জন্য কোন সম্মানী প্রাপ্য হবেন না;
- (ঘ) সকালের শরীরচর্চা এবং বিকালের খেলাধুলার সময় আপনি প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সক্রিয় অংশগ্রহণ এবং শৃঙ্খলা রক্ষার বিষয়টি নিশ্চিত করবেন;
- (ঙ) নিজের এবং প্রশিক্ষণার্থীদের দৈনিক হাজিরা সংরক্ষণ করবেন এবং সংশ্লিষ্ট কোর্স সময়ক এর নিকট জমা দেবেন; প্রশিক্ষণার্থীগণ সক্রিয়ভাবে প্রতিদিন এ প্রশিক্ষণে সময়মত অংশগ্রহণ করেছেন কিনা এবং যদি না করে থাকেন তাদের নাম, রোল নং সহ একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কোর্স পরিচালকের নিকট জমা দিবেন;
- (চ) কোর্স কারিকুলামে নির্ধারিত খেলাধুলা প্রতিযোগিতা সফলভাবে পরিচালনার জন্য যথাযথ সহায়তা প্রদান করবেন;
- (ছ) এ নিয়োগ ১৭/০৭/২০১৬ তারিখ হতে কার্যকর হবে এবং কোর্স সমাপ্ত হওয়ার সাথে সাথে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৩ জুলাই ২০১৬ তারিখের মধ্যে পূর্ণ জীবন বৃত্তান্ত সহ rector@bcsadminacademy.gov.bd এ ই-মেইলে আবেদন পত্র প্রদান করতে হবে।


(মো: জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ৫৫১৬৫৯০৫